# এমবিবিএস ও বিডিএস ডিগ্রি ছাড়া কেউ ডাক্তার লিখতে পারবে না: হাইকোর্ট




*হাইকোর্ট। ফাইল ছবি*

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১২ মার্চ ২০২৫ | ১৩:০৯ | আপডেট: ১২ মার্চ ২০২৫ | ১৬:২৬

- অ +

এমবিবিএস অথবা বিডিএস ডিগ্রিপ্রাপ্ত ছাড়া অন্য কেউ তাদের নামের আগে ডাক্তার পদবি ব্যবহার করতে পারবেন না বলে রায় দিয়েছেন হাইকোর্ট। পাশাপাশি ‘ডিএমএফ’ ডিগ্রিধারীদের (ডিপ্লোমাধারী হিসেবে নিবন্ধিত) ক্ষেত্রে যথাযথ প্রিফিক্স (নামের আগে ব্যবহার করা সম্মানসূচক শব্দ) নির্ধারণে ছয় মাসের মধ্যে ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে।

বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি সাথীকা হোসেন সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ বুধবার এ রায় দেন। রায়ের পর্যবেক্ষণে বলা হয়েছে, এমবিবিএস ও বিডিএস ডিগ্রিপ্রাপ্ত ছাড়া রায় হওয়া পর্যন্ত যারা ডাক্তার পদবি ব্যবহার করেছে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হবে না। তবে রায়ের পর থেকে আইন ভঙ্গ করে ডাক্তার পদবি ব্যবহার করলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া নিতে হবে।

২০১০ সালের ডিসেম্বরে বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) আইন হয়। ওই আইনটি 'ডিএমএফ' ডিগ্রিধারীদের (ডিপ্লোমাধারী হিসেবে নিবন্ধিত) জন্য বৈষম্যমূলক এবং এটি প্রয়োগের ফলে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছেন–এমন অভিযোগ তুলে ২০১৩ সালে হাইকোর্টে একটি রিট দায়ের করেন বাংলাদেশ ডিপ্লোমা মেডিকেল অ্যাসোসিয়েশনের তৎকালীন আহ্বায়ক শামসুল হুদাসহ অন্যরা। ২০১৩ সালের ১১ মার্চ ওই রিটের শুনানি নিয়ে হাইকোর্ট রুলসহ অন্তর্বর্তীকালীন আদেশ দেন।

অন্যদিকে বিএমডিসি আইনের ২৯ ধারার বৈধতা চ্যালেঞ্জ করে গত বছর হাইকোর্টে আরও একটি রিট দায়ের করা হয়। বাংলাদেশ ডিপ্লোমা মেডিকেল অ্যাসোসিয়েশনের সভাপতি ও সেক্রেটারি রিটটি দায়ের করেন। পরে গত বছরের ২৫ নভেম্বর হাইকোর্ট ওই রিটের শুনানি নিয়ে রুল জারি করেন হাইকোর্ট। রুলে আইনের ২৯ ধারা কেন সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়। এরই ধারাবাহিকতায় দুটি পৃথক রুলের শুনানি নিয়ে গত ২৫ ফেব্রুয়ারি রায়ের দিন ধার্য করেন হাইকোর্ট।

আদালতে পৃথক রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মো. সাইদুর রহমান, শিশির মনির ও সাদ্দাম হোসেন। অন্যদিকে রাষ্ট্রপক্ষে শুনানিতে ছিলেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান ও ডেপুটি অ্যাটর্নি জেনারেল এ এফ এম সাইফুল এবং বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের পক্ষে আইনজীবী কাজী এরশাদুল আলম।

রায়ের পর ডেপুটি অ্যাটর্নি জেনারেল এ এফ এম সাইফুল করিম সাংবাদিকদের বলেন, এমবিবিএস অথবা বিডিএস ডিগ্রিপ্রাপ্ত ছাড়া অন্য কেউ তাদের নামের আগে ডাক্তার পদবি ব্যবহার করতে পারবেন না। রায়ের আগ পর্যন্ত যারা ব্যবহার করেছেন, তাদের ক্ষেত্রে মামলা হবে না। কেননা, রিটের পরিপ্রেক্ষিতে ডিএমএফধারীদের বিরুদ্ধে মামলা বা কার্যধারা গ্রহণ না করার নির্দেশনা ছিল। তবে রায়ের পর থেকে তারা নামের আগে ডাক্তার শব্দ ব্যবহার করতে পারবেন না। ব্যবহার করলে আইন অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যাবে।

এমবিবিএস বা বিডিএস ডিগ্রিধারী ছাড়া অন্য কেউ নামের আগে ‘ডাক্তার’ পদবি ব্যবহার করতে পারবে না–এই নিয়মসহ পাঁচ দফা দাবিতে সারাদেশে সরকারি হাসপাতালে চিকিৎসক ও মেডিকেল শিক্ষার্থীদের কর্মবিরতির মধ্যেই আদালতের এ সিদ্ধান্ত এল। মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) শিক্ষার্থীরা বেশ কিছু দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছেন, যাদের একটি দাবি হল তাদের নামের আগে ‘ডাক্তার’ লেখার বৈধতা দেওয়া। এমবিবিএস ও বিডিএস ডিগ্রিধারী চিকিৎসকরা সেটি মানতে রাজি নন।